# যুদ্ধবিরতি লঙ্ঘন করে ফের গাজায় ইসরায়েলি হামলায় নিহত ৩



ছবি: সংগৃহীত

মার্কিন মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর থাকলেও গাজায় ইসরায়েলি বাহিনীর রাতভর হামলায় দুই শিশুসহ তিন ফিলিস্তিনি নিহত হয়েছেন। বৃহস্পতিবার (৩০ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, গাজার দক্ষিণাঞ্চলের খান ইউনিসের আল-মাওয়াসি এলাকায় বাস্তুচ্যুত মানুষের আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত একটি তাঁবুতে ইসরায়েলি হামলায় আট বছর বয়সী এক শিশুসহ দুজন নিহত হন। এছাড়া মধ্য গাজার একটি আবাসিক অ্যাপার্টমেন্টে পৃথক হামলায় আরও এক শিশু নিহত এবং কয়েকজন আহত হয়েছেন।

অন্যদিকে, পশ্চিম গাজা শহরের একটি আবাসিক ভবন লক্ষ্য করে ইসরায়েলি ড্রোন হামলা চালায়। এতে অন্তত ১০ জন আহত হয়েছেন, যাদের অধিকাংশই শিশু। আহতদের আল-শিফা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ১১ অক্টোবর যুদ্ধবিরতি ঘোষণার পর থেকে প্রায় প্রতিদিনের ইসরায়েলি হামলায় এখন পর্যন্ত অন্তত ১ হাজার ২০৯ জন নিহত এবং ৩ হাজার ৯৪৩ জন আহত হয়েছেন।

LENS ASIA